দৈনিক বাংলা

তারিখ 25 APR 1997
পৃষ্ঠা কলাম

04

# অধ্যাপক আর আই শরীফ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর

**স্টাফ রিপোর্টার ঃ** অধ্যাপক আর আই শরীফ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর নিযুক্ত হয়েছেন। জনাব শরীফ একজন বিশিষ্ট কম্পিউটার বিজ্ঞানী। এ পদে নিয়োগ-লাভের আগে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থ ও ইলেকট্রনিক্স বিভাগে কর্মরত ছিলেন।

অধ্যাপক শরীফ ১৯৭৭ সালে ডারহাম বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রনিক্সের ওপর পিএইচডি ডিগ্রী লাভ করেন। ১৯৮৩ থেকে ৮৫ পর্যন্ত তিনি যুক্তরাজ্যের লিডস বিশ্ববিদ্যালয়ে ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল বিভাগে কম্পিউটার কন্ট্রোলড মোবাইল টেলিকমিউনিকেশন প্রকল্পে ফ্যাকাল্টি মেম্বার ও গবেষণা ফেলো হিসাবে দায়িত্ব পালন করেন। ডঃ শরীফ ইংল্যান্ডের রয়েল মিলিটারী কলেজ ও স্ট্রাথক্লাইড বিশ্ববিদ্যালয়ে ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন-এর ওপর কাজ করেন।

অধ্যাপক শরীফ কম্পিউটার প্রয়োগ ও গ্রামীণ টেলিকমিউনিকেশন-এর ওপর ভারত, পাকিস্তান, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং ইটালীতে আন্তর্জাতিক সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্সে বহুবার যোগদান করেন। দেশী ও বিদেশী জার্নালে তাঁর ২৫টি গবেষণাপত্র প্রকাশিত হয়।

বাংলাদেশ কম্পিউটার সোসাইটির প্রাক্তন সহ-সভাপতি ডঃ শরীফ ১৯৯৪ সালে সুইডিশ একাডেমীতে পদার্থ বিজ্ঞানে নোবেল প্রাইজ প্রাপ্তির জন্য বিজ্ঞানীদের নাম প্রস্তাবক হিসাবে নোবেল প্রাইজ কমিটির সদস্য ছিলেন।